

## মাক্কাতা আমলের কারিকুলাম পরিবর্তন করা হবে

.....শিক্ষামন্ত্রী  
বাক্বি সংবাদদাতা ॥ যুগোপ-  
যোগী ও উন্নত গুণমানসমৃদ্ধ শিক্ষা  
প্রসারের আহ্বান রেখে শিক্ষামন্ত্রী  
ডঃ এম. ওসমান ফারুক বলেছেন,  
মাক্কাতা আমলের কারিকুলাম পরি-  
বর্তন করে শিক্ষা ব্যবস্থায় আধুনিক  
তথ্য ও জ্ঞানের বিপ্লব ঘটাতে হবে।  
গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়  
আয়োজিত শিরীচার্ঘ্য জয়নুল আবে-  
দিন মিলনায়তনে কৃষিবিদ্যা-  
লয়ের ট্রাস্ট-অ্যাপয়ার্টের স্বর্ণপদক  
ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান  
অতিথির বক্তব্যে তিনি একথা  
বলেন।

ভিসি প্রফেসর মুহাঃ মুস্তাফি-  
জুর রহমানের সভাপতিত্বে বক্তব্য  
রাখেন রেজিষ্টার মোঃ নজিবুর  
রহমান। মন্ত্রী কৃষি বিপ্লবের ক্ষেত্রে  
বাক্বির তুয়গী প্রশংসা করে বলেন  
আমার পিতা প্রথম ভিসি হিসেবে  
কৃষি বিপ্লবের সূচনা করেন।

পরে মন্ত্রী ইংলিশ ল্যাভের  
উদ্বোধন করেন। মন্ত্রী তার পিতার  
(প্রথম ভিসি) নামেও মেধা বৃত্তির  
ঘোষণা দেন।